[redacted]

[redacted]

মেহেরপুরে বঙ্গবন্ধু অনূর্ধ্ব-১৭ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
গতকাল রবিবার বিকালে মেহেরপুর স্টেডিয়াম মাঠে এই টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডঃ ইয়ারুল ইসলাম সদর উপজেলা পর্যায়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় সেখানে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মাসুদুল আলম।
উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী, আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম প্রমূখ উপস্থিত ছিলেন। উদ্বোধনী খেলায় আমদহ ইউনিয়ন জয়লাভ করেছে।
খেলায় আমদাহ ইউনিয়ন টাইব্রেকারে ২-০ গোলে পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে।

মেহেরপুর পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার মেহেরপুর পুলিশ লাইন্স টিনশেড মিলনায়তনে পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়।
পুলিশ সুপার এস এম মুরাদ আলির সভাপতিত্বে কল্যাণ সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম। সভায় মেহেরপুর জেলার

বিভিন্ন থানা- ফাঁড়িতে কর্মরত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে এক কিশোরীর আত্মহত্যা !

মেহেরপুর শহরের হালদার পাড়ায় অনু ভূঁইমালি নামের এক সংখ্যালঘু কিশোরী গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে। অনু ভুঁইমালি হালদার পাড়ার অনুপ কুমার ভুঁইমালির মেয়ে, সে মেহেরপুর সরকারি মহিলা কলেজের ছাত্রী।
গতকাল রবিবার দুপুরের দিকে তাদের নিজ ঘরে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। জানাগেছে অনু ভূঁইমালি মুসলিম সম্প্রদায়ের এক যুবকের সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে। বিষয়টি জানাজানি হলে তার মা বকাবকি শুরু করেন। এ ঘটনার রাগে ক্ষোভে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে যায়।

আলমডাঙ্গায় ভুল চিকিৎসা পা হারিয়েছে টিটন ফাতেমা টাওয়ারের মালিকের বিরুদ্ধে থানায় অভিযোগ

আলমডাঙ্গা অফিস: আলমডাঙ্গার ফাতেমা টাওয়ারের মালিক মঞ্জুরুল ইসলাম মঞ্জুর বিরুদ্ধে ভুল চিকিৎসা প্রদানে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।
ভূল চিকিৎসার কারণে পোলতাডাঙ্গা গ্রামের টিটন হোসেন নামের এক যুবকের পা কেটে ফেলতে হয়েছে উল্লেখ করে রোববার দুপুরের থানায় এ

অভিযোগ করা হয়।
অভিযোগ সুত্রে জানা গেছে,আলমডাঙ্গার পোলতাডাঙ্গা গ্রামের আনোয়ার হোসেনের ছেলে টিটন হোসেনের গত আড়াই মাস পূর্বে পাখি ভ্যানের সাথে দুর্ঘটনা ঘটে। এতে তার একটা পা ভেঙ্গে যায়। ভাঙ্গা পা নিয়ে তিনি আলমডাঙ্গার ফাতেমা টাওয়ারে আসেন। সে সময় বাদি মঞ্জুরুল ইসলাম পা ভালো করে ড্রেসিং না করে ব্যান্ডিজ করে বাড়ি পাঠিয়ে দিয়ে ৩ দিন পর আসতে বলেন।
দুদিন পর পায়ে প্রচন্ড ব্যাথা শুরু হলে তিনি আবারো ফাতেমা টাওয়ারে আসলে তাকে জানানো হয় বড় ডাক্তার দেখাতে হবে। পরে টিটন হোসেন রাজশাহী মেডিকেলে গিয়ে ভর্তি হন। সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে জানায় পা পচে গেছে শরীর থেকে কেটে বাদ দিতে হবে। পরে তার পা কেটে বাদ দেওয়া হয়। বর্তমানে টিটন হোসেন পঙ্গু হয়ে গেছেন। ভুল চিকিৎসায় তার এই করুন পরিনতির বিষয়ে পরবর্তীতে মঞ্জুরুল ইসলামকে জানাতে গেলে তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন। নানা ভাবে তাকে হুমকি দেয়া হচ্ছে উল্লেখ করে বিষয়টি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের নিকট দাবী জানানো হয়েছে ।
এদিকে এ বিষয়ে ফাতেমা টাওয়ারের মালিক ডা: মঞ্জরুল ইসলামের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, আমার ক্লিনিকে ঐ রোগীকে নিয়ে আসলে, দেখছিলাম তার পায়ের নিচের হাড় ভেঙ্গে গেছে। আমরা তাকে দ্রুত প্রাথমিক চিকিৎসা দিয়ে রেফার্ড করি। আমাদের ক্লিনিকে হাড়ের ডাক্তার না থাকায় তাকে উন্নত চিকিৎসার জন্য বলেছিলাম। কিন্ত তারা চিকিৎসা না করিয়ে বাড়ী নিয়ে যায়। পরে তারা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে তারা দেখে রাজশাহী রেফার করে। রাজশাহীতে ডাক্তার দেখার পর সেখানে বলেছে, খুব দেরী হয়ে গেছে। এখানে আমরা কোন ভাবেই দায়ী নই।

মুজিবনগরকে স্থল কাস্টমস স্টেশন হিসেবে গেজেট প্রকাশ

আন্ত:সীমান্ত যাত্রী চলাচল ও পণ্য আমদানি- রপ্তানির উদ্দেশ্যে মেহেরপুরের মুজিবনগরকে স্থল কাস্টমস স্টেশন হিসেবে ঘোষনা করে গেজেট প্রকাশ করা হয়েছে।

গত ২৭ মে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ ক্রমে সিনিয়র সচিব আবু হেনা মো: রহমাতুল মুনিম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপন গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। গেজেটে বলা হয়েছে,এস.আর.ও নং-১৩৮-

আইন/২০২১/১২৩/কাস্টমস। কাস্টমস এ্যাক্ট১৯৬৯ এর ৯ ধারার ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার মাঝপাড়ার ৩০.৩০ একর জমির উপর স্থল কাস্টমস স্টেশন হিসেবে ঘোষনা করা হয়েছে।

এদিকে, মুজিবনগরকে স্থল কাস্টমন স্টেশন হিসেবে গেজেট প্রকাশ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধন্যবাদ জানিয়েছেন মেহেরপুরের বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতৃবৃন্দরা।

মেহেরপুরে স্থল বন্দর বাস্তবায়নের লক্ষে স্থলবন্দর বাস্তবায়ন আন্দোলন ফোরাম নামের একটি সংগঠন ২০১৫ সাল থেকে বিভিন্ন কর্মসূচী পালন করে আসছে। তার ফলশ্রুতিতে আজকের প্রাপ্তি মেহেরপুর বাসীর।

আলমডাঙ্গায় ইজিবাইক চোর আটক

আলমডাঙ্গায় অভিনব কায়দায় ইজিবাইক চুরি করে পালানোর সময় জনতার হাতে আটক এক চোর কে গণধুলাই শেষে পুলিশে সোপর্দ করা হয়েছে।

ওই চোরের নাম আনারুল ইসলাম (৩৬) । সে উপজেলার চিৎলা গ্রামের মাঝেরপাড়া বদরউদ্দিনের ছেলে। গতকাল রবিবার বিকেলে চুরি যাওয়া ইজিবাইকসহ তাকে স্থানীয় লোকজন ধরে ফেলে।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামের বদরউদ্দিনের ছেলে আনারুল। তার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে আলমসাধুসহ বিভিন্ন গাড়ি চুরির অভিযোগ রয়েছে ।

গত শনিবার গভীর রাতে কয়রাডাঙ্গা গ্রামের রুস্তম আলি বাড়িতে ইজিবাইক রেখে ঘুমাতে যায়। এ সময় চুরির উদ্দেশ্যে চিৎলা মাঝের পাড়ার আনারুল ওত পেতে থেকে ওই গাড়ি চুরি করে।

গতকাল রবিবার বিকেলে ইজিবাইকসহ আনারুলকে স্থানীয়রা আটক করে। পরে গণধোলায় দিয়ে পুলিশের নিকট হস্তান্তর করে। রিপোর্ট লেখা পর্যন্ত তার বিরুদ্ধে চুরি মামলার প্রস্তুতি চলছিলো।

অর্থ ও উন্নত চিকিৎসার অভাবে বিছানায় কাতরাচ্ছে দর্শনার মামুন

সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত গরিব অসহায় ইজিবাইক চালক মামুন (২৮) অর্থের অভাবে উন্নত চিকিৎসা করতে পারছে না। তাই সে বর্তমানে নিজ বাড়ির বিছানায় কাতরাচ্ছে।

দীর্ঘ প্রায় আড়াই মাস যাবৎ দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা সেবা নিয়ে আসলেও অর্থের অভাবে প্রায় দুমাস ধরে মামুনের চিকিৎসা ব্যবস্থা পুরোপুরি থমকে গেছে। ফলে ঘরের বিছানাই এখন তার সঙ্গী। চিকিৎসায় যে টুকুু ছিলো সব কিছু শেষ করে এখন নি:স্ব দরিদ্র পরিবারটি। চিকিৎসার অভাবে নিজ বাড়ীতে বসে মৃত্যুর প্রহর গুনতে হচ্ছে তার। উন্নত চিকিৎসার জন্য এখন দরকার অর্থের। তাই সমাজের বিত্তবানদের দিকে তাকিয়ে পরিবারটি।

একদিকে মামুনের চিকিৎসার টাকা যোগাড় করা অন্যদিকে সংসার চালানো তার পরিবারের পক্ষে
একেবারেই অসম্ভব হয়ে পড়েছে । এ নিয়ে তার পরিবারের মধ্যে হতাশা বিরাজ করছে। অসহায় মামুন চুয়াডাঙ্গা জেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের গ্রামের রাজমিস্ত্রী রবের ঘর জামাই। মামুনের ১০ বছর বিবাহ জীবনে রয়েছে স্ত্রী রুমা খাতুন, ৭ বছর বয়সী শিশু ছেলে রোহান ও আড়াই বছর বয়সী শিশুকন্য মরিয়ম। বিয়ের পর থেকেই দক্ষিণ চাঁদপুর গ্রামের ঘরজামাই হিসাবে বসবাস করে আসছে। মামুন পাবনা জেলার আটঘরিয়া উপজেলার দেবত্ব ইউনিয়নের শ্রীকান্ত গ্রামের জাহিদের ছেলে।

জানা যায়, গত ৮ জানুয়ারী দুপুরের দিকে মেহেরপুর জেলা শহর হতে ইজিবাইক নিয়ে নিজবাড়ি দর্শনায় ফিরছিলেন মামুন। পথিমধ্যে মেহেরপুর-শ্যামপুর সড়কের শাহাপুর ব্যাকে পৌঁছালে একজনকে বাঁচাতে গিয়ে ইজিবাইকটি একটি গর্তের মধ্যে উল্টে যায়। এসময় ইজিবাইক চালক মামুনে মেরুদণ্ডসহ মাজা ভেঙ্গে যায়। স্থানীয়রা তাকে মেহেরপুর সদর

কোটচাঁদপুরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক) অনুর্ধ্ব-১৭ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালিকা) অনুর্ধ্ব-১৭ উদ্বোধন করা হয়েছে।

রবিবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র মোঃ শহিদুজ্জামান সেলিম, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার প্রদীপ কুমার মন্ডল, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজ উদ্দীন, স্থানীয় পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত বিশ্বাস।

টুর্নামেন্টে উপজেলার ৫টি ইউনিয়ন ও পৌরসভার অনুর্ধ্ব-১৭ ফুটবল একাদশ অংশগ্রহন করবে। আগামী ২জুন টুর্নামেন্টের সমাপনী ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

নাটোরে পরিত্যক্ত অবস্থায় বস্তা ভর্তি টাকা উদ্ধার

নাটোরের বড়াইগ্রামে বনপাড়া বাজারে পরিত্যক্ত অবস্থায় পাওয়া গেল